জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ
ওয়েবসাইট: www.nu.ac.bd

পরিচালকের কার্যালয়
জনসংযোগ দপ্তর
ফোন : ০২ ৯৯৬৬৯১৫৩৬, ফ্যাক্স: ০২ ৯৯৬৬৯১৫৫০
mail: nupr1992@gmail.com

২৮ জুলাই ২০২৬

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান) ২য় বর্ষের 'অ্যাপ্লাইড আইসিটি রিসোর্স বুক ভ্যালিডেশন' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত



জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান) ২য় বর্ষের শিক্ষার্থীদের জন্য 'অ্যাপ্লাইড আইসিটি রিসোর্স বুক ভ্যালিডেশন' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার রাজধানীর সোবহানবাগে ড্যাফোডিল প্লাজায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের আয়োজনে এই কর্মশালাটি অনুষ্ঠিত হয়।

কর্মশালাটি সকালে ভার্চুয়ালি উদ্বোধন করেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ এস এম আমানুল্লাহ। তিনি তথ্য প্রযুক্তিনির্ভর আধুনিক শিক্ষা ব্যবস্থার গুরুত্ব তুলে ধরে শিক্ষার্থীদের জন্য মানসম্মত রিসোর্স বুক তৈরির ওপর বিশেষ জোর দেন।


অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর মোঃ লুৎফর রহমান, ট্রেজারার প্রফেসর ড. মো. নাজমুল হোসাইন। আরও উপস্থিত ছিলেন কারিকুলাম মূল্যায়ন ও উন্নয়ন কেন্দ্রের ডিন প্রফেসর ড. এ এইচ এম রুহুল কুদ্দুস, ফ্যাকাল্টি অব বিজনেস স্ট্যাডিজের চেয়ারম্যান এস এম মুজাহিদুল ইসলাম, ইউনিসেফ প্রতিনিধি। শিক্ষক প্রশিক্ষণ দপ্তরের পরিচালক সালমা পারভীনের সঞ্চালনায় কর্মশালায় সংশ্লিষ্ট বিষয়ের লেখক, প্যাডাগোজি বিশেষজ্ঞ, ডোমেইন এক্সপার্টসহ শিক্ষক ও কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ
ওয়েবসাইট: www.nu.ac.bd

পরিচালকের কার্যালয়
জনসংযোগ দপ্তর
ফোন : ০২ ৯৯৬৬৯১৫৩৬, ফ্যাক্স: ০২ ৯৯৬৬৯১৫৫০
mail: nupr1992@gmail.com

কর্মশালায় রিসোর্স বুকটির বিষয়বস্তু চুলচেরা বিশ্লেষণ ও মান সম্মত রিসোর্স বুক প্রণয়ন ও ভ্যালিডেশনের বিষয়ে গুরুত্বপূর্ণ মতামত প্রদান করা হয়।

বার্তা প্রেরক



তাইয়েবা তাসনীম সিরাজ
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়।
মোবাইল: ০১৭৩২-২২৫৫৭৮